অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/20/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ওয়েস্টচেস্টারে 33টি ইউনিট সাশ্রয়ী মূল্যের আবাসনের উন্নয়ন কাজের সমাপ্তির ঘোষণা প্রদান করেছেন

ক্রোটন-অন-হাডসনের সম্পূর্ণ বৈদ্যুতিক ম্যাপেল কমন্স হাঁটার উপযোগী সমৃদ্ধ কমিউনিটির জন্য সাশ্রয়ী মূল্যের, ট্রানজিট-ভিত্তিক বাড়ি প্রদান করে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ক্রোটন-অন-হাডসনে একটি নতুন আবাসন উন্নয়ন ম্যাপেল কমন্সের সমাপ্তির ঘোষণা প্রদান করেন, যা হাঁটার উপযোগী, পরিবহন-ভিত্তিক কমিউনিটিতে 33টি সাশ্রয়ী মূল্যের, বিদ্যুৎ সাশ্রয়ী বাড়ি প্রদান করে। রিগান ডেভেলপমেন্টের মাধ্যমে নির্মিত 18 মিলিয়ন মার্কিন ডলারের দুই ভবন বিশিষ্ট এই কমপ্লেক্সটি এলাকার মধ্যম আয়ের 80 শতাংশ পর্যন্ত আয়কারী বাসিন্দাদের জন্য সাশ্রয়ী মূল্যের। গত পাঁচ বছরে, নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল ওয়েস্টচেস্টার কাউন্টিতে 5,000 এরও বেশি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি করেছে বা সংরক্ষণ করেছে। ম্যাপেল কমন্স এই প্রচেষ্টা ক্রমাগত চালিয়ে যাচ্ছেন এবং গভর্নর Hochul (হোকল) এর 25 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছরের আবাসন পরিকল্পনার পরিপূরক, যা স্টেটজুড়ে 100,000 সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণের পথে রয়েছে।

"ম্যাপেল কমন্স স্টেটের প্রথম প্রো-হাউজিং কমিউনিটিগুলোর মধ্যে একটি, ক্রোটন-অন-হাডসনে অত্যন্ত প্রয়োজনীয় সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট নিয়ে আসে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** এই অত্যন্ত বিদ্যুৎ-সাশ্রয়ী, পরিবহন-ভিত্তিক উন্নয়ন আমাদের স্টেটকে আরও সাশ্রয়ী করে তোলার ও সকল নিউ ইয়র্কবাসীদের বসবাস করার জন্য একটি স্থিতিশীল ও নিরাপদ স্থানে এক্সেস নিশ্চিত করতে আমার প্রশাসনের প্রতিশ্রুতির সর্বশেষ উদাহরণ।

ক্রোটন-অন-হাডসন ভিলেজের ম্যাপেল স্ট্রিটে অবস্থিত, নবনির্মিত এই উন্নয়ন প্রকল্পে 8,000 বর্গফুটের পার্ক রয়েছে যা জনসাধারণের জন্য উন্মুক্ত এবং যেখানে একটি খেলার মাঠ ও অতিরিক্ত বিনোদনের স্থান রয়েছে। সকল বাসিন্দাদের জন্য তাদের ইউনিটে বিনামূল্যে উচ্চগতির ইন্টারনেট সরবরাহ করা হবে।

অত্যন্ত বিদ্যুৎ সাশ্রয়ী, সকল বৈদ্যুতিক উন্নয়ন NYSERDA এর নতুন নির্মাণ কাজ - হাউজিং প্রোগ্রামের অধীনে অনুমোদিত হয়েছে (New Construction – Housing Program)। সাশ্রয়ী

পদক্ষেপের মধ্যে রয়েছে স্থান গরম ও শীতল করার জন্য ব্যাপক সাশ্রয়ী সরঞ্জাম, চাহিদা অনুসারে গরম জল ও সরঞ্জাম।

স্টেট অর্থায়নে স্টেট ও ফেডারেল নিম্ন আয়ের কর ক্রেডিট যা ন্যায্যতার ভিত্তিতে 11.1 মিলিয়ন মার্কিন ডলার এবং নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়্যাল থেকে 1.7 মিলিয়ন মার্কিন ডলার তৈরি করবে। ওয়েস্টচেস্টার কাউন্টি তাদের নিউ হোমস ল্যান্ড অ্যাকুইজিশন প্রোগ্রাম (New Homes Land Acquisition Program) এর মাধ্যমে 1.7 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে।

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার RuthAnne Visnauskas (রূথ অ্যান ভিসনাউকাস) বলেন, "ম্যাপেল কমন্সে আমাদের 18 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগে 33টি নতুন, সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি করতে সাহায্য করেছে যা একটি নিরাপদ, পরিবার বান্ধব কমিউনিটিতে বসবাসের সুযোগ প্রদান করবে। নিউ ইয়র্কবাসীদের জন্য আরো আবাসন সুযোগ তৈরি করার জন্য গভর্নর Hochul (হোকল) এর সৃজনশীলতা ও প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ, যাতে তারা ক্রোটন-অন-হাডসনের মতো চমৎকার কমিউনিটিগুলোতে সাশ্রয়ী মূল্যে বসবাস করতে পারে, পাশাপাশি সেই গুরুত্বপূর্ণ প্রকল্পটি বাস্তবায়নের জন্য রিগান ডেভেলপমেন্টের আমাদের সংযোগীদের ধন্যবাদ।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা Doreen M. Harris (ডোরিন এম. হ্যারিস) বলেন, "টেকসই ভবিষ্যতের দিকে আমাদের অগ্রগতিতে নিউ ইয়র্কের নির্মিত পরিবেশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং ম্যাপেল কমন্সের মতো নতুন নির্মাণ প্রকল্পগুলি নিশ্চিত করে যে আমরা সামনে অগ্রসর হচ্ছি। ব্যাপক সহনশীলতার গরম ও শীতলকরণ সরঞ্জামের মত অন্তর্ভুক্ত বিল্ডিং সমাধানগুলি ওয়েস্টচেস্টার কাউন্টি কমিউনিটির জন্য পরিচ্ছন্ন, স্বাস্থ্যকর ও সাশ্রয়ী মূল্যের জীবনাযাত্রার সুযোগ তৈরি করার মাধ্যমে ভবিষ্যতের বাসিন্দাদের উপকৃত করবে।"

সিনেটর Charles Schumer (চার্লস শুমার) বলেন, "ওয়েস্টচেস্টারের প্রতিটি পরিবারের জন্য একটি নিরাপদ ও সাশ্রয়ী মূল্যের বসবাসের স্থান প্রাপ্য। আমি গর্বিত যে ফেডারেল লো-ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট, যা আমি রক্ষা করার এবং সম্প্রসারণ করার জন্য কঠোর পরিশ্রম করেছি তা ক্রোটন-অন-হাডসনের ম্যাপেল কমন্সে 33 টি নতুন আবাসন তৈরিতে লক্ষ্য লক্ষ্য টাকা সাহায্য করেছে। এই সম্পূর্ণ নতুন বাড়িগুলো একেবারে বৈদ্যুতিক হবে এবং কমিউনিটির জন্য নতুন খেলার মাঠ প্রদান করবে। আবাসনের উচ্চ মূল্য মুদ্রাস্ফীতির একটি মুখ্য চালক তাই এইসব উচ্চ মূল্য হ্রাস করতে কর্মজীবী মানুষের জন্য আমাদেরকে অবশ্যই আরো আবাসন নির্মাণ করতে হবে। আমি ওয়েস্টচেস্টার ও নিউ ইয়র্ক জুড়ে সাশ্রয়ী মূল্যের আবাসনের অ্যাক্সেস বৃদ্ধি করার জন্য গভর্নর Hochul (হোকল) এর কাজের প্রশংসা করছি, এবং আমি সংস্থান সরবরাহের জন্য কাজ চালিয়ে যাব যাতে প্রত্যেক নিউ ইয়র্কবাসীর বাস করার জায়গা থাকে।"

স্টেট সিনেটর Peter Harckham (পিটার হারকহ্যাম) বলেন, "ম্যাপেল কমন্স হচ্ছে এমন একটি বিনিয়োগ যা আমাদের কমিউনিটির জন্য উচ্চমানের, সাশ্রয়ী মূল্যের আবাসনের অ্যাক্সেস নিশ্চিত করার জন্য প্রয়োজন। এই কৃতিত্বর জন্য ক্রোটন-অন-হাডসন ভিলেজ ও নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালকে অভিনন্দন। জলবায়ু-বান্ধব উন্নয়নকে অগ্রাধিকার প্রদানের মাধ্যমে, তারা একাসাথে একাধিক চ্যালেঞ্জ মোকাবেলা করছে – অতি প্রয়োজনীয় আবাসন তৈরি করছে, ভালো বেতনের নির্মাণ কর্মসংস্থানকে সহায়তা করছে এবং আমাদের স্টেটের জলবায়ু লক্ষ্যকে এগিয়ে নিয়ে যাচ্ছে।"

অ্যাসেম্বলি সদস্য Dana Levenberg (ডানা লেভেনবার্গ) বলেন, "এই আকর্ষণীয় নতুন আবাসন উন্নয়নের ভিত্তিপ্রস্তর স্থাপনের জন্য ক্রোটন-অন-হাডসন ভিলেজকে অভিনন্দন। এই উন্নয়নটি আরেকটি স্থানীয় প্রমাণ যে সাশ্রয়ী মূল্যের আবাসন সুন্দর হতে পারে এবং সকল কমিউনিটির জন্য সুযোগ-সুবিধা ও অগ্রাধিকার বয়ে আনতে পারে, যেমন জনসাধারণের বিনোদনের জন্য স্থান। আমি অত্যন্ত গর্বিত যে আমার ডিস্ট্রিক্টের কমিউনিটিগুলো আরো বেশি নিউ ইয়র্কবাসীকে একটি সাশ্রয়ী মূল্যের বাসস্থান খুঁজে পেতে সাহায্য করার জন্য তাদের ভূমিকা পালন করছে এবং স্টেট তাদের এটি করতে সাহায্য করছে।"

ওয়েস্টচেস্টার কাউন্টির এক্সেকিউটিভ Ken Jenkins (কেন জেনকিন্স) বলেন, "ম্যাপেল কমন্স একটি অব্যবহৃত খালি জায়গাকে 33টি পরিবারের জন্য বাড়িতে রূপান্তর করেছে। নতুন বাড়ি মানে স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানের জন্য আরো বেশি গ্রাহক ও কর্মী এবং আরো বেশি প্রাণবন্ত স্থানীয় অর্থনীতি। এই উন্নয়নটি দেখায় যে যখন আমরা মানসম্পন্ন সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি করতে একসাথে সাবধানে এবং ইচ্ছাকৃতভাবে কাজ করি তখন কী সংঘটিত হয়, যা আমাদের কমিউনিটির জন্য অত্যন্ত প্রয়োজন। এই অর্জনে অবদান রাখার জন্য স্টেট ও স্থানীয় সরকারে আমাদের অংশীদারদের অনেক ধন্যবাদ। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল, আমরা ম্যাপেল কমন্সে আমাদের নতুন প্রতিবেশী ও ভবিষ্যতের বন্ধুদের স্বাগত জানাই।"

ক্রোটন-অন-হাডসনের মেয়র Brian Pugh (ব্রায়ান পুগ) বলেন, "ম্যাপেল কমন্স একটি অব্যবহৃত খালি জায়গাকে 33টি পরিবারের জন্য বাড়িতে রূপান্তর করেছে। নতুন বাড়ি মানে স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানের জন্য আরও বেশি গ্রাহক ও কর্মী এবং আরও বেশি প্রাণবন্ত স্থানীয় অর্থনীতি। এই উন্নয়নটি দেখায় যে যখন আমরা মানসম্পন্ন সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি করতে একসাথে সাবধানে এবং ইচ্ছাকৃতভাবে কাজ করি তখন কী সংঘটিত হয়, যা আমাদের কমিউনিটির জন্য অত্যন্ত প্রয়োজন। এই অর্জনে অবদান রাখার জন্য স্টেট ও স্থানীয় সরকারে আমাদের অংশীদারদের অনেক ধন্যবাদ। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল, আমরা ম্যাপেল কমন্সে আমাদের নতুন প্রতিবেশী ও ভবিষ্যতের বন্ধুদের স্বাগত জানাই।"

গভর্নর Hochul (হোকলের) আবাসন এজেন্ডা

নিউ ইয়র্কের আবাসন সঙ্কটের সমাধান করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য স্টেটকে আরো সাশ্রয়ী ও বাসযোগ্য করতে গভর্নর Hochul (হোকল) প্রতিশ্রুতিবদ্ধ। 25 অর্থ বছরের প্রণীত বাজেটের অংশ হিসাবে গভর্নর আপস্টেট কমিউনিটির জন্য নতুন ট্যাক্স ইনসেনটিভ, নতুন প্রণোদনা এবং নিউ ইয়র্ক সিটিতে আরো আবাসন তৈরির জন্য নির্দিষ্ট কিছু স্টেটের

বিধিনিষেধ থেকে মুক্তির মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন সরবরাহ বাড়ানোর জন্য একটি যুগান্তকারী চুক্তি সুরক্ষিত করেছেন, যা 500 মিলিয়ন ডলারের স্টেটের মালিকানাধীন সম্পত্তিতে 15,000টি পর্যন্ত নতুন বাড়ি নির্মাণের জন্য মূলধন তহবিল, অতিরিক্ত 600 মিলিয়ন ডলার স্টেট ব্যাপী বিভিন্ন আবাসন উন্নয়ন এবং ভাড়াটে এবং বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষার জন্য অর্থায়ন। এছাড়াও অর্থ বছর 23 এর প্রণীত বাজেটের অংশ হিসেবে, গভর্নর স্টেটব্যাপী 100,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি করতে বা সংরক্ষণ করার জন্য পাঁচ বছর মেয়াদী, 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনা ঘোষণা করেছেন, যার মধ্যে রয়েছে 10,000টি ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য সহায়তা পরিষেবার পাশাপাশি অতিরিক্ত 55,000টি বাড়িতে বিদ্যুতায়ন।◌া◌া এখন পর্যন্ত 55,000 হাজারেরও বেশি বাড়ি তৈরি বা সংরক্ষণ করা হয়েছে।

এছাড়াও অর্থবছর 2025 এর প্রণীত বাজেট প্রো-হাউজিং সম্প্রদায়ের কর্মসূচিকে বলীয়ান করে যেটি গভর্নর 2023 সালে শুরু করেছিলেন। প্রো হাউজিং সার্টিফিকেশন এখন স্থানীয়দের জন্য 650 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বিবেচনামূলক তহবিল অ্যাক্সেস করার জন্য একটি শর্ত। বর্তমানে, ক্রোটন-অন-হাডসন সহ 275টি কমিউনিটিকে অনুমোদন প্রদান করা হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন